



বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড
কেন্দ্রীয় সচিবালয়, ওয়াপদা ভবন (২য় তলা), মতিঝিল,
ঢাকা।
www.bpdb.gov.bd

নম্বর: ২৭.১১.০০০০.৮৪৭.২০.০০১.২৪.২১৬৩

তারিখ: ২ আশ্বিন ১৪৩১ বঙ্গাব্দ
১৭ সেপ্টেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

পরিপত্র

বিষয়: ডিজিটাল নথি/ডি-নথি কার্যক্রম পরিচালন

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, স্মার্ট বাংলাদেশ বিনির্মাণের লক্ষ্যে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ এর এসপায়ার টু ইনোভেট (এটুআই) প্রোগ্রামের আওতায় নথি সিস্টেমকে আরও গতিশীল ও আধুনিক করার নিমিত্ত ডিজিটাল নথিতে রূপান্তর করা হয়েছে। নথি সিস্টেমকে আরও বেগবান করতে প্রতিটি দপ্তরে আলাদা শাখা এডমিন ইউজার তৈরি করা হয়েছে (কপি সংযুক্ত)। শাখা এডমিন ইউজারগণ নিজ দপ্তরের ডি-নথি ইউজারগণকে যুক্ত করা, অব্যাহতি প্রদান করা, দায়িত্ব প্রদান, কর্মকর্তার পদবী সংশোধন করাসহ নতুন ইউজার আইডি খুলতে পারবেন।

এমতাবস্থায়, নিজ দাপ্তরিক কার্যক্রমে ডি-নথি সিস্টেমের শাখা এডমিনগণকে উক্ত সিস্টেম ব্যবহার করার জন্য অনুরোধ করা হলো।

১। ডি-নথিতে লগইন এর জন্য URL: d.nothi.gov.bd/login

২। শাখা এডমিন ইউজারগণ এডমিন সংক্রান্ত কাজের জন্য URL: n-doctor.nothi.gov.bd ব্যবহার করবেন।

এটুআই এর বিশেষ নির্দেশিকা:

অফিস মাইগ্রেশন পরবর্তী প্রথম দুই সপ্তাহ নথি ব্যবহারকারীগণ নিম্নোক্ত সমস্যার সম্মুখীন হতে পারেন:

- ১। নথি ব্যবহারে সাময়িক ধীর গতি হতে পারে।
- ২। অন্য অফিসে নথি প্রেরণ সম্ভব হচ্ছেনা - এরূপ যান্ত্রিক ত্রুটি আসতে পারে।
- ৩। ডাক এবং নোটের সংযুক্তি ফাইল ফাঁকা দেখাতে পারে, কিছু ক্ষেত্রে পত্র (খসড়া পত্র) সংরক্ষণ করার পর ফাঁকা দেখাতে পারে।
- ৪। নোট ওপেন সংক্রান্ত যান্ত্রিক ত্রুটি আসতে পারে।
- ৫। নোটের অনুচ্ছেদ দেখাচ্ছেনা অথবা টেবিল ভেঙে যাওয়া সংক্রান্ত সমস্যা আসতে পারে।
- ৬। ই-নথি অফিস থেকে ডি-নথি অফিসে নথি/পত্র প্রেরণের ক্ষেত্রে সমস্যা হতে পারে।
- ৭। ড্যাশবোর্ডে এবং এপিএ রিপোর্ট জেনারেট করলে তথ্য ভুল আসতে পারে।

ব্যবহারকারীগণ উপরোক্তিত কোন সমস্যার সম্মুখীন হলে এটুআই-এর নথি সংশ্লিষ্ট ফোকালের সাথে যোগাযোগ করবেন।

ফোকাল পয়েন্ট কর্মকর্তা:

Imrul Hosain
Technology Associate (D-Nothi)
Mob: 01712-485747
Email: imrul.hosain@a2i.gov.bd

১৭-০৯-২০২৪

মোহাম্মদ সেলিম রেজা
সচিব, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড
secretary@bpdb.gov.bd

বিতরণ জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সদস্য, প্রশাসন, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড;
- ২। সদস্য, অর্থ, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড;
- ৩। সদস্য, উৎপাদন, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড;
- ৪। সদস্য, কোম্পানি অ্যাফেয়ার্স, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড;
- ৫। সদস্য, পরিকল্পনা ও উন্নয়ন, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড;
- ৬। সদস্য, বিতরণ, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড;

- ৭। সকল প্রধান প্রকৌশলী/মহাব্যবস্থাপক/প্রকল্প পরিচালক, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড;
৮। সকল তত্ত্বাবধায়ক প্রকৌশলী/পরিচালক/প্রকল্প পরিচালক, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড;
৯। সিএসও টু চেয়ারম্যান, চেয়ারম্যানের দপ্তর, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড;
১০। সিনিয়র সিস্টেম এনালিস্ট, ঢাকা কম্পিউটার সেন্টার, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড এবং
১১। অফিস কপি।

